অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

রূপান্তরমূলক টেস্ট NY কর্মসূচির 10ম বার্ষিকী সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ স্থানীয় খাবার খান, স্থানীয় পানীয় পান করুন কর্মসূচি 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক প্রভাব রেখেছে

ফিঙ্গার লেকস ওয়েলকামিং সেন্টারের ওপেন হাউজ নিউ ইয়র্ক স্টেটের কৃষক ও কৃষি উৎপাদকদের এবং আঞ্চলিক পর্যটনের অফার করা বিষয়গুলোর উপর আলোকপাত করছে

2023 সালে স্টেটজুড়ে টেস্ট NY বাজারগুলোতে ধারাবাহিক উদযাপন অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ জেনেভায় ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারে একটি বিশেষ ওপেন হাউজে স্টেটের টেস্ট NY (Taste NY), নিউ ইয়র্কের অফিসিয়াল 'স্থানীয় খাবার খান, স্থানীয় পানীয় পান করুন' কর্মসূচির 10 বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। ইভেন্টটি নিউ ইয়র্ক স্টেটের কৃষকদের এবং খাদ্য ও পানীয় উৎপাদনকারীদের, এবং সেইসাথে আঞ্চলিক পর্যটন গন্তব্যগুলোর বৈচিত্র্য ও অনন্যতা প্রদর্শন করেছে। আজকের এই উদযাপন 2023 সালে কর্মসূচিটির 10 বছরে পদার্পণের মাইলফলক ও সফলতার স্বীকৃতিস্বরূপ স্টেটজুড়ে ধারাবাহিকভাবে উদযাপনের পরিকল্পনা করা অনুষ্ঠানগুলোর প্রথমটির সূচনা করছে, যে কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটের উৎপাদনকারীদের জন্য 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক প্রভাব নিয়ে এসেছে।

"গত এক দশকে টেস্ট NY গুণমান, সৃজনশীলতা, ও প্রবল আগ্রহের জন্য সুপরিচিত একটি স্বীকৃত ব্র্যান্ড হয়ে উঠেছে," **বলেছেন গভর্নর হোকল।** "টেস্ট NY হচ্ছে আমাদের বৃহৎ স্টেটের প্রতিটি কোণায় অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে সেরা খাদ্য, পানীয়, ও উপহারের পণ্যগুলো প্রদর্শন করার মাধ্যমে নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদকদের প্রসার বৃদ্ধি করার জন্য আমাদের মিশনের একটি মূল ভিত্তিস্বরূপ। আজ টেস্ট NY-এর দশম বার্ষিকী উপলক্ষে বছরব্যাপী উদযাপন শুরু হওয়ার ঘোষণা দিতে পেরে আমি গর্বিত এবং আমি আমাদের কৃষি ব্যবসা প্রতিষ্ঠানগুলো এবং আমাদের স্থানীয় নিউ ইয়র্কের পণ্যগুলোর প্রসারে সহায়তা করা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

চালু হওয়ার পর থেকে টেস্ট NY উল্লেখযোগ্যভাবে বেড়ে উঠেছে এবং পণ্যগুলো এখন নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রায় 70টি জায়গায় পাওয়া যাচ্ছে, যার মধ্যে 11টি আঞ্চলিক ওয়েলকাম সেন্টার, বিমানবন্দর, স্টেট পার্ক, জ্যাভিটস সেন্টার (Javits Center), এবং আরো অন্যান্য স্থান অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও গত এক দশকে টেস্ট NY PGA ট্যুর, 2023 FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস (2023 FISU World University Games), এবং সারাটোগা রেস কোর্স (Saratoga Race Course) ইত্যাদির মতো বৃহৎ স্পোর্টিং ইভেন্টগুলোতে টেস্ট NY-এর পণ্যগুলো নিয়ে যাওয়ার জন্য বৃহৎ স্পোর্টস ভেন্যুগুলো, যেমন MVP এরেনা এবং ব্লু ক্রস এরেনার সঙ্গে অংশীদার হয়েছে, এবং হাই প্রোফাইল ইভেন্ট অর্গানাইজারদের সঙ্গে অংশীদারিত্বের সম্পর্ক গঠন করেছে।

ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারে আজকের উদ্বোধনী উদযাপন অনুষ্ঠান দর্শনার্থীদেরকে নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদকদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার জন্য আঞ্চলিক কৃষি, পর্যটন, ও সহায়তামূলক অংশীদারদের একসঙ্গে নিয়ে এসেছে, যাদের পণ্যগুলো ওয়েলকাম সেন্টারে পাওয়া যাচ্ছে। এই ইভেন্টে পণ্যের নমুনা নিয়ে উপস্থিত হওয়া ভেন্ডরদের মধ্যে রয়েছে স্মোকিং টেইলস ডিস্টিলারি (Smokin' Tails Distillery), রেড জ্যাকেট অরচার্ডস (Red Jacket Orchards), মুরান্ডা চিজ (Muranda Cheese), 4J এর NVR স্পেশাল্টি সস (4J's NVR Specialty Sauces), 3 ব্রাদার্স ওয়াইনারিস (3 Brothers Wineries), ফালকার্সন ওয়াইনারি (Fulkerson Winery), আর্বার হিল গ্রেপারি এন্ড ওয়াইনারি (Arbor Hill Grapery & Winery), সিরাপ এ'লা রুয়ে (Syrup a'La Rue), ব্রিউয়ারি আর্ডেনিস (Brewery Ardennes), জেনেভা রিডস (Geneva Reads), কারমা সস (Karma Sauce), গোরমেট বাটার শপ (Gourmet Butter Shop), মামা'স গট ইউ ক্যাটারিং (Mama's Got You Catering), গ্রিন হার্ট অব দ্য ফিঙ্গার লেকস® (Green Heart of the Finger Lakes®), এবং নিউ ইয়র্ক কিচেন (New York Kitchen)। সেইসাথে, ওয়েলকাম সেন্টারটি সব কেনাকাটার উপর 10 শতাংশ ছাড়, 0.99 ডলারে আইসক্রিম, এবং 10 বছরের মাইলফলক অর্জন উদযাপনের অংশ হিসেবে একটি বিশেষ গিভএওয়ে বাস্কেট জিতে নেওয়ার সুযোগ প্রদান করেছে।

2018 সালে প্রথম চালু হওয়া, ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারের টেস্ট NY মার্কেট ফিঙ্গার লেকস অঞ্চলের এবং স্টেটজুড়ে বিভিন্ন অঞ্চলের খাদ্য ও পানীয় উৎপাদকদের প্রচার-প্রসারের জন্য এলাকার ক্র্যাফট পানীয়, কৃষি, এবং রান্নার ভেন্ডরদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করে থাকে। চালু হওয়ার পর থেকে, এই ওয়েলকাম সেন্টার 280-এরও বেশি ভেন্ডরের কাছ থেকে নিউ ইয়র্কের 1,900টিরও বেশি পণ্য এই মার্কেটে নিয়ে এসেছে। 2022 সালে, এই ওয়েলকাম সেন্টারের মোট বিক্রির পরিমাণ ছিল প্রায় 430,000 ডলার, আগের বছরের তুলনায় প্রায় 1.7 শতাংশ বেশি, এবং নিউ ইয়র্ক স্টেটের সেরা অভিজ্ঞতা নেওয়ার জন্য 235,600-এরও বেশি ভিজিটর এই মার্কেটে ভ্রমণ করেছেন।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "10 বছর ধরে, টেস্ট NY নিউ ইয়র্কের অফার করা সব সেরা পণ্যের প্রচার-প্রসারের কাজ করে আসছে, যার মধ্যে চিজ ও আইসক্রিম থেকে শুরু করে জ্যাম ও জেলি, ম্যাপল সিরাপ, ক্র্যাফট পানীয়, ক্যান্ডি, এমনকি উপহার সামগ্রী যেমন মোমবাতি ও সাবান অন্তর্ভুক্ত রয়েছে। এই কর্মসূচি আমাদের উৎপাদকদের কঠোর পরিশ্রমের উপর আলোকপাত করা এবং তাদের অফার করা পণ্যগুলোর সঙ্গে নতুন ভোক্তাদেরকে পরিচয়

করিয়ে দেওয়ার মাধ্যমে আমাদের উৎপাদকদের উপর ব্যাপক প্রভাব ফেলেছে। এবছর টেস্ট NY-এর এক দশক পূর্তি উদযাপন করতে পেরে আমি উচ্ছসিত এবং সামনে একটি উদ্দীপনাপূর্ণ বছরের জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "টেস্ট NY কর্মসূচির এক দশক পূর্তি উদযাপনের এই সময়ে সবাইকে অভিনন্দন। এই চমৎকার উদ্যোগ স্টেটের সেরা মানসম্মত কৃষি পণ্যগুলো প্রদর্শন করে আসছে এবং অসাধারণ সাফল্য অর্জন করেছে, যা নিউ ইয়র্ক স্টেটের পর্যটন শিল্পকে বৃদ্ধি করেছে এবং সামগ্রিক অর্থনীতিকে সহায়তা করেছে।"

জেনেভা সিটি ম্যানেজার অ্যামি হেনড্রিক্স বলেন, "জেনেভা সিটি এই বছরব্যাপী উদযাপন সূচনা করার অনুষ্ঠান আয়োজন করতে পেরে সম্মানিত বোধ করছে। টেস্ট NY সহযোগিতার মাধ্যমে বিশ্বের বিভিন্ন স্থান থেকে আগত দর্শনার্থীদের কাছে আমাদের স্থানীয় কৃষক ও উৎপাদকদের কাজগুলো প্রদর্শন করার সক্ষমতা পেয়ে আমরা কৃতজ্ঞ। নিউ ইয়র্কবাসীরা কেন স্থানীয়ভাবে উৎপাদিত খাবার খাওয়া এবং পানীয় পান করার বিষয়টি নিয়ে এত গর্বিত তা সত্যিকার অর্থে দেখিয়ে দেওয়ার জন্য আমাদেরকে সুযোগ করে দেওয়া এই অংশীদারিত্বের দশম জন্মবার্ষিকী উদযাপনের এই সময়ে আমি সবাইকে অভিনন্দন জানাই।"

ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারের মার্কেট ম্যানেজার জেনিফার কাইম বলেন, "বছরব্যাপী টেস্ট 10ম উদযাপন শুরু হওয়ার অবস্থান হিসেবে নির্বাচিত হওয়া ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারের জন্য একটি সম্মানজনক ব্যাপার। টেস্ট NY কর্মসূচির অংশ হতে পারা একটি সন্তোষজনক ব্যাপার, যেখানে আমরা ফিঙ্গার লেকস অঞ্চলের প্রতি মনোযোগ দিয়ে নিউ ইয়র্ক স্টেটের প্রাচুর্যকে তুলে ধরছি। চালু হওয়ার পর থেকে আমাদের প্রদর্শন করা 65% পণ্য আমাদের অঞ্চলের ভেন্ডরদের কাছ থেকে সংগ্রহ করা হচ্ছে। যদি আপনি সেন্টারটি ভিজিট না করে থাকেন, তাহলে আমরা আপনাকে এটি করতে উৎসাহিত করছি, কারণ আমরা একটি কফি লয়াল্টি কর্মসূচি, ক্র্যাফট পানীয়ের স্বাদ নেওয়া এবং গ্রীষ্মকালীন মাসগুলোতে স্থানীয় স্যান্ডউইচ ও সতেজতাপূর্ণ পানীয় উপভোগ করার জন্য লেকের পাশে বসার জায়গা অফার করছি।"

ফিঙ্গার লেকস ভিজিটর্স কানেকশন (Finger Lakes Visitors Connection)-এর প্রেসিডেন্ট ও CEO ভ্যালেরি নবলাউচ বলেন, "জেনেভায় ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারে আয়োজিত অনুষ্ঠানটি আমাদের পর্যটন শিল্প এবং 'নিউ ইয়র্কের ভালো রুচির' মধ্যকার সম্পর্কের দৃষ্টান্ত। টেস্ট NY-এর জন্য একটি প্রিমিয়ার লোকেশন হিসেবে, ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টার দর্শনার্থীদেরকে নিউ ইয়র্কে উৎপন্ন পণ্যগুলোর বিভিন্নতা ও বৈচিত্র্যের সঙ্গে পরিচয় করিয়ে দেয়। বহু দর্শনার্থীর জন্য পরবর্তী ধাপ হচ্ছে এসব আইটেম কোথায় তৈরি হয়েছে এবং কারা তৈরি করেছে তা জানতে চাওয়া। একটি ওয়েলকাম সেন্টার হিসেবে, এই টিম আনন্দের সঙ্গে উৎপাদনকারীদের সম্পর্কে এবং আরো স্বাদ নেওয়ার জন্য কোথায় ভিজিট করতে হবে সেসব স্থানের তথ্য শেয়ার করে থাকে। দর্শনার্থীরা লম্বা সময় ধরে অবস্থান করেন, আবার ভিজিট করেন, এবং বাড়ি ফিরে আমাদের পণ্যগুলোর খোঁজ করেন। টেস্ট NY আমাদের স্থানীয় অর্থনীতির জন্য তিনটি পক্ষের বিজয়ী হওয়ার মতো একটি ব্যাপার।"

রেড জ্যাকেট অরচার্ডের ফার্ম স্টোর ম্যানেজার নাতালি বারিস বলেন, "রেড জ্যাকেট অরচার্ড শুরুর সময় থেকেই টেস্ট NY-এর গর্বিত সমর্থক ও অংশীদার হয়ে আছে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে ছোট ছোট ব্যাচে, অনন্য সব পণ্য প্রদর্শন করার মধ্য দিয়ে টেস্ট NY এই শিল্পে বহু প্রতিষ্ঠানকে বেড়ে উঠতে সাহায্য করেছে। আমরা 10 বছর পূর্তি উদযাপন করতে এবং আগামী 10 বছরের শুভকামনায় আমাদের (জুসের) গ্লাস উঁচু করছি।"

গ্রিন হার্ট অব দ্য ফিঙ্গার লেকস®-এর মালিক জেফরি এইচ. ওয়েলস বলেন, "টেস্ট NY-এর 10 বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানের অংশ হতে পেরে আমরা আনন্দিত। এটি আমাদের জন্য বিশেষভাবে অর্থপূর্ণ কারণ আমরা এই 10 বছরের মধ্যে ছয় বছরের দীর্ঘ সময় ধরে জেনেভা ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারে ভেন্ডর হিসেবে থাকার অসাধারণ সুযোগ পেয়েছিলাম। টেস্ট NY এবং গ্রিন হার্ট অব দ্য ফিঙ্গার লেকস® আমাদের জন্য আমাদের স্টেট ও অঞ্চলের অফার করা সমস্ত ভালো জিনিসের প্রতীক।"

কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন সালিভান কাউন্টি (Cornell Cooperative Extension Sullivan County)-এর প্রোগ্রাম ডিরেক্টর ভ্যানেসা পেট্রোশিয়ান বলেন, "টেস্ট NY কর্মসূচির 10 বছর পূর্তি নিউ ইয়র্কের কৃষি খাতের প্রতি নিবেদিত প্রচেষ্টার এক দশক অতিক্রান্ত হওয়া নির্দেশ করছে। স্টেটজুড়ে আমাদের কমিউনিটিগুলোতে কৃষক ও উৎপাদকদের উপর এটি যে ইতিবাচক প্রভাব রেখেছে তার জন্য আমরা কৃতজ্ঞ। এই কর্মসূচি সহযোগিতা ও অংশীদারিত্বের শক্তির একটি প্রমাণ, এবং আমরা আগামী বছরগুলোতে আমাদের কৃষকদের ও স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ীদের সেবা দেওয়া অব্যাহর রাখার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছি। আমাদের হাডসন ভ্যালি | ক্যাটস্কিলস ওয়েলকাম সেন্টার এবং ShopTasteNY.com-এর কার্যক্রম পরিচালনার মধ্য দিয়ে এই মাইলফলক অর্জনের একটি অংশ হতে পেরে আমরা সমস্ত অর্জনের জন্য গর্বিত এবং আমরা যাদেরকে সেবা প্রদান করছি তাদের জন্য আরো বেশি সুযোগ-সুবিধা তৈরি করার প্রত্যাশা রাখি।"

মুরান্ডা চিজের পার্টনার টম মুরে বলেন, "মুরান্ডা চিজ টেস্ট NY কর্মসূচির শুরুর সময় থেকেই এটির একটি গর্বিত অংশীদার হিসেবে রয়েছে। এই অংশীদারিত্ব আমাদের ব্যবসাকে বেড়ে উঠার সুযোগ করে দিয়েছে। টেস্ট NY কর্মসূচি দর্শনার্থীদেরকে এখানে নিউ ইয়র্কে এবং অন্যত্র অনন্য সুযোগ-সুবিধাগুলোর সঙ্গে সংযুক্ত হওয়ার সক্ষমতা প্রদান করে। অনুগ্রহ করে পরবর্তী 10 বছর এবং তারও সামনের সময়গুলোর শুভকামনায় গ্লাস উঁচু করুন।"

এবছর টেস্ট NY-এর 10ম বার্ষিকী উদযাপনের জন্য স্টেটজুড়ে ধারাবাহিকভাবে কিছু ইভেন্ট আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি (New York State Thruway Authority) এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation) ডিপার্টমেন্টের অংশীদারদের দ্বারা পরিচালিত ওয়েলকাম সেন্টারগুলোতে হওয়া আয়োজনও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও 10 বছর পূর্তি কর্মসূচির মাইলফলকস্বরূপ ঘটনাগুলোর উপর আলোকপাত করা একটি বিশেষ ওয়েব পেজ, সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন, এবং আরো অনেক কিছুর মাধ্যমে এই মাইলফলক উদযাপন করা হবে। সেইসাথে, ShopTasteNY.com সারা বছর ব্যাপী স্টেটজুড়ে বিনামূল্যে শিপিং অফার করে এবং প্রতিটি অঞ্চলের পণ্যগুলোর 10ম বার্ষিকীর মাস চলাকালীন সময়ে বিশেষ ছাড় দেওয়ার মাধ্যমে

স্টেটজুড়ে #TasteTurns10 উদযাপনের প্রতি সম্মান জানাবে। পরবর্তী ইভেন্টটি মার্চ মাসে সাদার্ন টিয়ারে আয়োজন করা হবে এবং বাড়তি ইভেন্টগুলো সম্পর্কিত তথ্য পাওয়ার পর সেগুলো Taste.NY.gov ওয়েবসাইটে পোস্ট করা হবে।

ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারের টেস্ট NY মার্কেট সম্পর্কে
ফিঙ্গার লেকস ওয়েলকাম সেন্টারের টেস্ট NY মার্কেট স্থানীয় কৃষকদের চাষের মাধ্যমে উৎপাদিত তাজা উপাদান ও পণ্য থেকে তৈরি গরম ও ঠাণ্ডা দুপুরের খাবারের অপশন অফার করে। এছাড়াও এই মার্কেট নিউ ইয়র্ক স্টেটে তৈরি হওয়া ওয়াইন, বিয়ার, ও সিডার, গ্র্যাব-এন্ড-গো স্ন্যাকস, ও উপহার সামগ্রী অফার করে থাকে। সেইসাথে, এই ওয়েলকাম সেন্টার এই অঞ্চলের পর্যটন শিল্পের উপর আলোকপাত করছে, যেখানে সেন্টারজুড়ে একাধিক ইন্টারঅ্যাকটিভ আই লাভ নিউ ইয়র্ক কিয়স্ক অবস্থিত, যেগুলো দর্শনার্থীদেরকে এই অঞ্চল সম্পর্কে তাদের জ্ঞান পরীক্ষা করে দেখতে অথবা একটি যাত্রার পরিকল্পনা তৈরি করার সুযোগ করে দিচ্ছে।

টেস্ট NY সম্পর্কে
টেস্ট NY নিউ ইয়র্ক স্টেটে চাষকৃত, উৎপাদনকৃত, বা প্রক্রিয়াকৃত খাদ্য ও পানীয়ের গুণমান, বৈচিত্র্য, ও অর্থনৈতিক প্রভাবের উপর আলোকপাত করে। টেস্ট NY-এর লক্ষ্য হলো ইভেন্ট, খুচরা দোকানের জায়গা, ও অংশীদারিত্বের মাধ্যমে উৎপাদকদের জন্য নতুন সুযোগ-সুবিধা তৈরি করা, যেমন গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে এবং বেথপেজ স্টেট পার্কে বারক্লেস টুর্নামেন্টে। গত 10 বছরে, টেস্ট NY এই কর্মসূচিতে অংশগ্রহণকারী আনুমানিক 2,000 খাদ্য ও পানীয় উৎপাদককে খুচরা বিক্রয়ের আউটলেট, ইভেন্ট, ও স্পন্সরশিপের মাধ্যমে সহায়তা করেছে। 2022 সালে, নিউ ইয়র্কের ওয়েলকাম সেন্টারগুলোর মাধ্যমে 311 জন নতুন উৎপাদক এই কর্মসূচিতে যুক্ত হয়েছেন। এছাড়া টেস্ট NY-এর খাদ্য ও পানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিজেদের পণ্যে নিউ ইয়র্কে চাষকৃত ও উৎপাদিত উপাদানগুলো ব্যবহার করার মাধ্যমে স্টেটের কৃষকদেরকে সহায়তা করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418